

মাদারীপুর জেলার সার্বিক তথ্যাবলী

১) প্রাতিষ্ঠানিক যুব প্রশিক্ষণ-

ক)জেলা কার্যালয়ের বিভিন্ন ট্রেডের প্রশিক্ষণ -

ক্রমিক নং	ট্রেডের নাম	মেয়াদ	ভর্তির সময়	আসন সংখ্যা	কোর্স ফি	শিক্ষাগত যোগ্যতা	প্রশিক্ষনের ধরন	প্রশিক্ষন পাওয়ার জন্য যোগাযোগের ঠিকানা
০১	বেসিক কম্পিউটার	০৬ মাস	০১ জানুয়ারী ও ০১ জুলাই	৭০ জন	১০০০ টাকা	নূন্যতম এইচ.এস.সি	অনাবাসিক	উপ-পরিচালক ও উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
০২	ইলেকট্রিক	০৬ মাস	০১ জানুয়ারী ও ০১ জুলাই	৩০ জন	৩০০ টাকা	নূন্যতম অস্টমশ্রেনী	অনাবাসিক	উপ-পরিচালক ও উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
০৩	ইলেকট্রিনিয়	০৬ মাস	০১ জানুয়ারী ও ০১ জুলাই	৩০ জন	৩০০ টাকা	নূন্যতম এসএসসি	অনাবাসিক	উপ-পরিচালক ও উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
০৪	রেফ্রিগেণ্ড এয়ারকন্ডিশন	০৬ মাস	০১ জানুয়ারী ও ০১ জুলাই	৩০ জন	৩০০ টাকা	নূন্যতম অস্টমশ্রেনী	অনাবাসিক	উপ-পরিচালক ও উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
০৫	পোষাক তৈরী	০৩ মাস	০১ জানুয়ারী, ০১ এপ্রিল ০১ জুলাই ০১ অক্টোবর	৩০ জন	৫০ টাকা	নূন্যতম অস্টমশ্রেনী	অনাবাসিক	উপ-পরিচালক ও উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
০৬	মৎস্য চাষ	০১ মাস	প্রতি মাসের ০১ তারিখ	২৫ জন	৫০ টাকা	নূন্যতম অস্টমশ্রেনী	অনাবাসিক	উপ-পরিচালক ও উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
০৭	আধুনিক অব্যবঃও কম্পিউটার এপ্লিঃ	০৬ মাস	০১ জানুয়ারী ও ০১ জুলাই	৩০ জন	৫০০ টাকা	নূন্যতম এইচ.এস.সি	অনাবাসিক	উপ-পরিচালক ও উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
০৮	হাঁস-মুরগী, গবাদীপশু ও মৎস্য চাষ, কৃষি বিষয়ক	০২মাস ১৫ দিন ও ০১ মাস	০১ জুলাই, ০১ অক্টোবর ০১ নভেম্বর, ০১ ডিসেম্বর	৬০ জন ও ৩০ জন	১০০ টাকা	নূন্যতম অস্টমশ্রেনী	আবাসিক	উপ-পরিচালক ও উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ডেপুটি কো-অর্ডিনেটর যুব প্রশিক্ষণ কেন্দ্র।

হাঁস-মুরগী, গবাদীপশু ও মৎস্য চাষ, কৃষি বিষয়ক প্রশিক্ষনে মাসিক ৩০০০/-টাকা ভাতা প্রদান করা হয়। অন্য কোন প্রশিক্ষণ ট্রেডে ভাতা প্রদান করা হয় না।

খ) অপ্রাতিষ্ঠানিক যুব প্রশিক্ষণ-

উপজেলায় চাহিদার ভিত্তিতে এই প্রশিক্ষণ পরিচালনা করা হয়। প্রশিক্ষণে ১৮-৩৫ বছর বয়সের যে কোন যুব ও যুব মহিলা এই প্রশিক্ষণে অংশ গ্রহন করতে পারে। প্রশিক্ষণের বিষয় ও মেয়াদঃ-হাঁস-মুরগী পালন,মৎস্য চাষ, গবাদী পশু মোটাতাজাকরন, ছাগল পালন,বাঁশবেতের কাজ, নার্সারী, সহ স্থানীয় চাহিদার ভিত্তিতে যে কোন প্রশিক্ষণ , মেয়াদ-০৭ দিন, ১৪ দিন, ২১ দিন।

শিক্ষাগত যোগ্যতাঃ- ৮ম শ্রেণী পাশ,কোন কোন ক্ষেত্রে পঞ্চম শ্রেণী পাশ প্রয়োজন হয়। প্রতিটি প্রশিক্ষণ উপজেলা কার্যালয় থেকে স্থানীয়ভাবে আয়োজন করা হয়। বাৎসরিক লক্ষ্যমাত্রা প্রতি উপজেলায়-২৪০ জন। প্রতি ব্যাচে-২৫ জন। এ প্রশিক্ষণে কোন ভর্তি ফি নেই।

২। যুব ঋণ-

ক) অপ্রাতিষ্ঠানিক যুব ঋণঃ- অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণপ্রাপ্ত যুব ও যুব মহিলাকে নির্দিষ্ট প্রকল্পের অনুকূলে এক নামে ২০,০০০/- টাকা থেকে ৫০,০০০/-টাকা পর্যন্ত যুব ঋণ প্রদান করা হয়ে থাকে। যা ২৪ টি কিস্তির মাধ্যমে ফেরতযোগ্য। সার্ভিস চার্জের হার ১০%। প্রথম তিন মাস গ্রেস পিরিয়ড। ঋণ প্রাপ্তির ক্ষেত্রে জমির দলিল জামানত বা সরকারী চাকুরীজীবির মাধ্যমে নিশ্চয়তা প্রদান করতে হয়। পরিশোধের উপর ভিত্তিকরে সর্বোচ্চ তিনবার এই ঋণ প্রদান করা হয়। জেলার চারটি উপজেলায় এই ঋণ বিতরণ করা হয়ে থাকে।

খ) প্রাতিষ্ঠানিক যুব ঋণঃ- প্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ প্রাপ্ত যুব ও যুব মহিলাকে নির্দিষ্ট প্রকল্পের অনুকূলে এক নামে-৩০,০০০/-টাকা থেকে-১০০,০০০/-টাকা পর্যন্ত যুব ঋণ প্রদান করা হয়ে থাকে। যা ২৪ টি,৩০টি ও ৩৬টি কিস্তির মাধ্যমে ফেরতযোগ্য। সার্ভিস চার্জের হার ১০%। প্রথম তিন মাস গ্রেস পিরিয়ড। ঋণ প্রাপ্তির ক্ষেত্রে জমির দলিল জামানত বা সরকারী চাকুরীজীবির মাধ্যমে নিশ্চয়তা প্রদান করতে হয়। পরিশোধের উপর ভিত্তিকরে সর্বোচ্চ তিনবার এই ঋণ প্রদান করা হয়। জেলার চারটি উপজেলায় এই ঋণ বিতরণ করা হয়ে থাকে।

গ) পরিবারভিত্তিক যুব ঋণঃ- পরিবারভিত্তিক যুব ঋণ হলো গ্রুপ ভিত্তিক ঋণ। জেলার কালকিনি ও শিবচর এ দুইটি উপজেলায় এই কর্মসূচী রয়েছে। পরিবারভিত্তিক ঋণের ক্ষেত্রে একজন যুব/যুব মহিলাকে ১২,০০০/- টাকা এবং সর্বশেষ ৩য় দফায় ২০,০০০/- টাকা পর্যন্ত ঋণ প্রদান করা হয়। ৫ম দফা পর্যন্ত সফল ঋণ পরিশোধকারী প্রতি গ্রুপ/পরিবারের একজনকে একবার ৩০,০০০/- টাকা হতে ৫০,০০০/- টাকা পর্যন্ত এন্টারপ্রাইজ ঋণ প্রদান করা হয়। গ্রুপ ভিত্তিক ঋণ সাপ্তাহিক কিস্তিতে পরিশোধ করতে হয়। প্রথম তিন সপ্তাহ গ্রেস পিরিয়ড। ১ বছরে এই ঋণ ফেরত প্রদান করতে হয়। জেলার তিনটি উপজেলায় এই ঋণ বিতরণ করা হয়ে থাকে।

যুব ক্লাব নিবন্ধনঃ- জেলার বেসরকারী স্বেচ্ছাসেবী যুব সংগঠনকে নিবন্ধন করা হয়। যুব কার্যক্রম আছে এম যে কোন সংস্থাকে নিবন্ধন করা হয়। নিবন্ধন ফি-৫০০ টাকা। নিবন্ধনকৃত যুব সংগঠনকে প্রকল্পভিত্তিক অনুদান প্রদান করা হয়ে থাকে।

সার্বিক তথ্য ও সেবা পাওয়ার জন্য যোগাযোগ-উপ-পরিচালক,যুব উন্নয়ন অধিদপ্তর,মাদারীপুর,মোবাইল-০১৭০৯৩৩০৪৬৭, email.dd.dydmadaripur@gmail.com ডেপুটি কো-অর্ডিনেটর-০১৭১৯৩০০৭৭৪, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা,সদর-০১৭১৮৫৪৫৮৮৫, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা,রাজৈর-০১৭০৯৩৩০৪৭৩, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা,কালকিনি-০১৭০৯৩৩০৪৭১, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা,শিবচর-০১৯১৬৮৪৮৯৯৩।